দৈনিক ইনকিলাব

তারিখ SEP. 1 4 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭

124

# ঢাকা ভার্সিটির ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের রজতজয়ন্তী অনুষ্ঠিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ১১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের রজতজয়ন্তী উৎসবের দ্বিতীয় দিনটি শুরু হয় র‍্যালীর মাধ্যমে। সকাল সাড়ে দশটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর নেতৃত্বে বিজনেস স্টাডিজ মল থেকে র‍্যালীটি যাত্রা শুরু করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি অধ্যাপক মোঃ শাহাদত আলী, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক নূরুন্নবী, বিজনেস স্টাডিজ অনুষদের ডীন অধ্যাপক আবুল হাশেম এবং অনুষদের প্রবীণ শিক্ষক অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য র‍্যালীতে অংশগ্রহণ করেন। র‍্যালীটি মধুর কেন্টিন হয়ে অপরাজেয় বাংলার পাদদেশে সংক্ষিপ্ত যাত্রা বিরতি করে। এ সময় ভিসি তাঁর সংক্ষিপ্ত বক্তৃতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগে রজতজয়ন্তীর আনন্দে একাত্মতা ঘোষণা করেন। তিনি ফিন্যান্স এণ্ড ব্যাংকিং বিভাগের ২৫ বছরকে গৌরবের ২৫ বছর বলে উল্লেখ করেন। তিনি এই গৌরব ও আনন্দ উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেন। মাননীয় ভিসির বক্তৃতা শেষে র‍্যালীটি আবার চলতে শুরু করে। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক এম খায়রুল হোসেন, রজতজয়ন্তী উৎসবের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম নাসির উদ্দীন, বিভাগের প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান অধ্যাপক এ এইচ এম হাবিবুর রহমান, প্রবীণ ও নবীন শিক্ষকমণ্ডলী, প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীরা র‍্যালীতে অংশ নেন। প্রায় দুই হাজার জনতার এই বিশাল বহর টিএসসি, বাংলা একাডেমী, দোয়েল চত্বর, কার্জন হল, সায়েন্স এনক্স ভবন প্রদক্ষিণ করে টিএসসিতে এসে যাত্রা শেষ করে।

দিনের অনুষ্ঠানমালার দ্বিতীয় পর্বে প্রাক্তন ছাত্রছাত্রীদের স্মৃতিচারণে মুখরিত হয় টিএসসি মিলনায়তন। শুরুতে সংক্ষিপ্ত বক্তৃতায় অনুষ্ঠানের প্রধান সমন্বয়কারী এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের প্রতিষ্ঠাকাল থেকে শিক্ষকতায় নিবেদিত অধ্যাপক এম নাসির উদ্দীন বলেন, ছাত্রছাত্রীদের আসলে তিনি খুব ভালবাসেন। তিনি রজতজয়ন্তী আয়োজনে বিজ্ঞাপন প্রদান করে, আর্থিক অনুদান দিয়ে, তাঁর সাথে পরিশ্রম করে এবং অন্যান্য বিভিন্ন উপায়ে যাঁরা তাঁকে সাহায্য করেছেন তাঁদের ধন্যবাদ জানান এবং সকলের উদ্দেশে কৃতজ্ঞতা প্রকাশ করেন।